



## মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]  
আগারগাওঁ, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

তারিখঃ ২৭/০৯/২০১৮

স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.০৭.০১০.১৬. / ৬৬৬৫

পরিচালক/উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন

.....১৬৬৬..... বিভাগীয়/জেলা কার্যালয়

বিষয় : 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'-র জন্মদিবস উপলক্ষে শ্রেষ্ঠ শিক্ষার্থীদের মাঝে পবিত্র কুরআনুল কারীম বিতরণ, কুরআনখানী এবং তাঁর সফলতা ও দীর্ঘায়ু কামনা করে দোয়া ও মোনাজাত আয়োজন প্রসঙ্গে।


জন্মাব,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক ইচ্ছায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) শীর্ষক প্রকল্পটি ২০১৪ সালে অনুমোদন করেন। প্রকল্পের আওতায় প্রায় ৮০ হাজার আলেম-ওলামার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। প্রকল্পের আওতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় প্রতিবছর ৬৭,৩৬৮টি প্রাক-প্রাথমিক, বয়স্ক ও সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের প্রতি কেন্দ্রে মেধা অনুসারে ১০ জন করে শ্রেষ্ঠ শিক্ষার্থীকে পুরস্কার হিসাবে পবিত্র কুরআন শরীফ বিতরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী ইসলামের খেদমতের জন্যে ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে সারাদেশে ৫৬০টি মডেল মসজিদ নির্মাণের কাজ শুরু করেছেন। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের মাধ্যমে প্রতি উপজেলায় ২টি করে সারাদেশে ১০১০টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা প্রতিষ্ঠা করেছেন। দাওয়ায়ে হাদীস সনদকে মাস্টার্সের সমমান প্রদান করে কওমী আলেমদের যথাযথ মূল্যায়ন করেছেন। রোহিঙ্গা মুসলমানদের নিরাপত্তা ও পুনর্বাসনসহ বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি ও উন্নয়নে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছেন।

আগামী ২৮ সেপ্টেম্বর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭২তম জন্মদিবস। প্রেক্ষিতে, তার জন্মদিবস উপলক্ষে আগামী ২৮ সেপ্টেম্বর/২০১৮ তারিখ সকাল ৮.০০টায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের ৬৭,৩৬৮টি প্রাক-প্রাথমিক, বয়স্ক ও সহজ কুরআন শিক্ষার কেন্দ্রের প্রত্যেকটি কেন্দ্রে ২০১৭ সালের ১০ জন শ্রেষ্ঠ শিক্ষার্থীর মাঝে পুরস্কার হিসাবে পবিত্র কুরআন শরীফ বিতরণ করতে হবে। ইসলামিক মিশনের ৫০টি কেন্দ্রে ৪৪৯টি মক্তব, ২৬টি ইবতেদায়ী মাদ্রাসার ৫জন করে মেধাবী শিক্ষার্থীদের মাঝেও পবিত্র কুরআন শরীফ বিতরণসহ কুরআন খতম ও দোয়া অনুষ্ঠান করতে হবে। ইসলামিক ফাউন্ডেশনের সংশ্লিষ্ট জেলা কার্যালয় থেকে মিশন প্রধানগণ পবিত্র কুরআন শরীফ সংগ্রহ করবেন। এছাড়া, প্রতি কেন্দ্রে কুরআন খতমের ব্যবস্থা করতে হবে এবং মাননীয় প্রধানমন্ত্রীর সফলতা, দেশের শান্তি-শৃঙ্খলা রক্ষা, দেশের উন্নয়ন ও তাঁর দীর্ঘায়ু কামনা করে কুরআনখানী, দোয়া ও মোনাজাতের আয়োজন করতে হবে।

২৮ সেপ্টেম্বর'২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিবস উপলক্ষে বাদ জুম'আ দেশ ও জাতির কল্যাণ, দেশের শান্তি-শৃঙ্খলা রক্ষা, দেশের উন্নয়ন এবং সরকারের উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফলতা ও দীর্ঘায়ু কামনা করে দোয়া ও মোনাজাতের ব্যবস্থা করার জন্য জেলায় সকল মসজিদের সম্মানিত ইমাম/খতিব মহোদয়গণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



(কাজী নূরুল ইসলাম)

সচিব(উপ-সচিব)

ইসলামিক ফাউন্ডেশন

ও


প্রকল্প পরিচালক

(আতিরিক্ত দায়িত্ব)

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম

অনুলিপিঃ অবগতির জন্য-

- ১। পরিচালক, সমন্বয় বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন।
- ২। পরিচালক, ইসলামিক মিশন, ইসলামিক ফাউন্ডেশন।
- ৩। একান্ত সচিব, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।



(মোঃ মোস্তাফিজুর রহমান)

উপ-প্রকল্প পরিচালক(কার্যক্রম)

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম